



ALL INDIA RADIO, SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

22 APRIL 2024

7:35-7:40 AM IST

রাজ্যের তৃতীয় পর্যায়ের নির্বাচনের জন্য ৬০ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছে। আগামীকাল মনোনয়নপত্র প্রত্যাহারের অন্তিম দিন ধার্য করা হয়েছে। গতকাল মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করার পর গুয়াহাটী লোকসভা আসনের দুজন প্রার্থীর মনোনয়ন বাতিল করা হয়েছে। এই আসনের জন্য মোট ১০ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছিল।

রাজ্যে লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের ভোট গ্রহণের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে বিভিন্ন রাজনৈতিকদল ব্যাপক প্রচার অভিযান অব্যাহত রেখেছে। রাজ্যের প্রবীণ বিজেপি নেতা তথা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ কার্ণাটক জেলার বিভিন্ন স্থানে ডিফু লোকসভা আসনের বিজেপি প্রার্থী অমর সিং তিসের পক্ষে প্রচার চালান। এছাড়া মুখ্যমন্ত্রী আজ বোকাঝান বিধানসভা কেন্দ্রের সরিয়হজানে এক নির্বাচনী সভায় অংশগ্রহণ করেন। এর পর তিনি হাওরাঘাট ও বৈঠালাংসুতে অন্য দুটি নির্বাচনী সভায় অংশ নেন।

অসম গণপরিষদ দলের নেতা তথা রাজ্যের পশুপাল মন্ত্রী অতুল বরা ও স্বাস্থ্যমন্ত্রী কেশব মহন্ত আজ করিমগঞ্জ লোকসভা আসনের বিজেপি প্রার্থী কৃপানাথ মালহার হয়ে বাকরশালে এক নির্বাচনী সভায় অংশ গ্রহণ করেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন এন ডি এ সরকার পুনরায় ক্ষমতায় এলে উন্নয়নের গতি আরো ত্বরান্বিত হবে। আজ শিলচরে এন ডি এ প্রার্থী পরিমল শুরুবৈদ্যের পক্ষে এক রোড শোয়ে অংশগ্রহণ করে স্বরাষ্ট্রমন্ত্রী একথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী শাহ আজ বিকেলে শিলচরে পৌঁছে ডি এস এ ময়দান থেকে রাধামাধব রোড পর্যন্ত এক রোড শোয়ে অংশগ্রহণ করেন। স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা, সাংসদ ডঃ রাজদীপ রায়, এন ডি এ প্রার্থী পরিমল শুরুবৈদ্য প্রমুখ রোড শোয়ে অংশগ্রহণ করেন।

এদিকে ধুবরী লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী রকিবুল হুসেন আজ গোয়ালপারার ডুবাপারে নির্বাচনী প্রচারণার উদ্দেশ্যে একটি সাংবাদিক সম্মেলনে বিজেপি এবং এআইইউডিএফ দলের সমালোচনা করেন। নগাঁও লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী প্রদ্যুৎ বরদলৈ রূপহীহাটের বরালিমারীত এক নির্বাচনী প্রচার সভায় অংশগ্রহণ করেন। উল্লেখ্য রাজ্যে দ্বিতীয় পর্যায়ে ৫ টি লোকসভা কেন্দ্র শিলচর, করিমগঞ্জ, ডিফু, দরং-ওদালগুরি এবং নগাঁও আসনের জন্য ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

শিলচর লোকসভা আসনের নির্বাচনে এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের প্রার্থী প্রভাস চন্দ্র সরকারের সমর্থনে গতকাল ঘুংঘুর বাজার ও বড়যাত্রাপুর বাজারে পথসভা অনুষ্ঠিত হয়েছে। দলের পক্ষ থেকে জেলা সম্পাদক ভবতোষ চক্রবর্তী, অধ্যাপক অজয় রায়, জেলা কমিটির সদস্য হিল্লোল ভট্টাচার্য্য প্রমুখ বক্তব্য রাখেন।

শিলচর লোকসভা আসনের পার্সোনাল সেলের ভারপ্রাপ্ত আধিকারক জানিয়েছেন যে ডি-কোডিং-এর প্রশিক্ষণ গ্রহণের জন্য নিযুক্তপ্রাপ্ত ভোটকর্মীদের আজ দুপুর দুটোয় শিলচরের উন্নয়ন ভবন সংলগ্ন জ্যোতি কলাকেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

উল্লেখ্য নিযুক্তপ্রাপ্ত সব ভোট কর্মীদের আগামী ২৪ ও ২৫শে এপ্রিল সকাল ৭টায় শিলচর রামনগরের আই-এস-বি-টির ডি কোডিং সেন্টারে উপস্থিত থাকতে হবে। ওই দুদিন শিলচর ডাক বাংলো থেকে রামনগর আই-এস-বি-টিতে যাতায়াতের জন্য সকাল ৬টা থেকে যানবাহনের ব্যবস্থা করা হয়েছে।

আগামী ২৬ এপ্রিল করিমগঞ্জ লোকসভা আসনের ভোট গ্রহণের জন্য করিমগঞ্জ জেলার প্রিসাইডিং ও পোলিং অফিসাররা ২৪ ও ২৫ এপ্রিল করিমগঞ্জ কলেজের খেলার মাঠের নির্ধারিত মেটেরিয়াল ডিষ্ট্রিবিউশন কাউন্টার থেকে ই-ভি-এম, ভি-ভি-প্যাট ও অন্যান্য ভোট সামগ্রী সংগ্রহ করে ভোট কেন্দ্রের উদ্দেশ্যে রওয়ানা দেবেন। এতে করিমগঞ্জ জেলার ১ হাজার ৫৮টি ভোট কেন্দ্রের জন্য ভোট কর্মীদের ২৪ এবং ২৫ এপ্রিল দু-দিন ৪৮টি নির্ধারিত কাউন্টার থেকে ই-ভি-এম, ভি-ভি-প্যাট ও অন্যান্য ভোট সামগ্রী বিতরণ করা হবে। করিমগঞ্জের জেলা নির্বাচন আধিকারক ওই ই-ভি-এম, ভি-ভি-প্যাট বিতরণ করার জন্য নিযুক্তপ্রাপ্ত কর্মচারীদের ২৪ ও ২৫ এপ্রিল সকাল ৭টায় কলেজ মাঠের নির্ধারিত কাউন্টারে উপস্থিত থাকার নির্দেশ দিয়েছেন। একই সঙ্গে ২৬ এপ্রিল ভোট গ্রহণের দিন সংশ্লিষ্ট সবাইকে ভোট গ্রহণ করা সিদ্ধ ই-ভি-এম সমঝে নেওয়ার জন্য বিকেল ৩টায় নিজ নিজ কাউন্টারে এসে রিপোর্ট করতে বলা হয়েছে। এতে, ২৬ জন কর্মীকে বিতরণের কাজে রিজার্ভ হিসেবে নিযুক্ত করা হয়েছে এবং তাদেরও ওই একই সময়ে নির্ধারিত স্থানে গিয়ে রিপোর্ট করতে বলা হয়েছে।
